

বেসরকারি শিক্ষক পদে আবেদনের সময়সীমা ১০ আগষ্ট

নিজস্ব প্রতিবেদক | জুন ৩০, ২০১৬ - ১:১৩ অপরাহ্ন

বেসরকারি স্কুল কলেজ ও মাদ্রাসার শিক্ষক নিয়োগের আবেদনের সময়সীমা পরিবর্তন করেছে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)। শিক্ষক পদে নিয়োগ পেতে আগ্রহী প্রার্থীদেরকে পরিবর্তিত সময়সীমা অনুযায়ী আগামী ২০ জুলাই থেকে ১০ আগস্টের মধ্যে এনটিআরসিএ বরাবর অনলাইনে আবেদন করতে বলা হয়েছে।

অনলাইনের আবেদনের জন্য (www.ntrca.gov.bd এবং ngi.teletalk.com.bd) ঠিকানা নির্ধারণ করা হয়েছে।

এর আগে এনটিআরসিএ'র ৬ জুনের এক প্রেস বিজ্ঞপ্তিতে এসব শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য ২৮ জুলাই এর মধ্যে আবেদন করতে বলা হয়েছিল।

এনটিআরসিএ আরো জানায় যে, শিক্ষক পদে নিয়োগের জন্য বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ থেকে অনলাইনে প্রাপ্ত চাহিদাসমূহের (ই-রিকুইজিশন) জেলাভিত্তিক ও বিভাগীয় শহরের একীভূত তালিকা ইতোমধ্যে সর্বসাধারণের অবগতির জন্য www.ntrca.gov.bd এবং ngi.teletalk.com.bd ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

কিন্তু শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) উপজেলা পর্যায়ের কোন তালিকা তারা প্রকাশ করেনি।